

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়  
প্রতিমন্ত্রীর দপ্তর

প্রেস বিজ্ঞপ্তি

## বিশ্বব্যাপী অপতথ্য ও ভুল তথ্য প্রতিরোধে যৌথভাবে কাজ করবে বাংলাদেশ ও তুরস্ক

-তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী

ঢাকা, ২৪ ফেব্রুয়ারি ২০২৪

বিশ্বব্যাপী অপতথ্য ও ভুল তথ্য প্রতিরোধে বাংলাদেশ ও তুরস্ক যৌথভাবে কাজ করবে বলে জানিয়েছেন বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত।

আজ শনিবার স্থানীয় সময় দুপুরে তুরস্কের ইস্তাম্বুলে ইসলামি সহযোগিতা সংস্থা (ওআইসি)-এর সদস্য দেশগুলোর তথ্যমন্ত্রীদের ইসলামিক সম্মেলনের বিশেষ অধিবেশনের পূর্বে তুরস্কের যোগাযোগ অধিদপ্তরের প্রেসিডেন্ট অধ্যাপক ফাহরেতিন আলতুন এর সাথে দ্বিপাক্ষিক বৈঠক শেষে প্রতিমন্ত্রী এ কথা জানান।

বৈঠকে প্রতিমন্ত্রী আরও বলেন, সারা বিশ্বে অপতথ্য ও বিভ্রান্তিকর তথ্যের প্রচার লক্ষ্য করা যাচ্ছে। অনেক সময় উদ্দেশ্যপ্রণোদিতভাবে এগুলো ছড়ানো হচ্ছে। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশও এর নেতিবাচক শিকার। অপতথ্য ও ভ্রান্ত তথ্য প্রতিরোধ তাই এখন একটি বৈশ্বিক চ্যালেঞ্জ। এক্ষেত্রে বাংলাদেশ ও তুরস্ক দুদেশের মধ্যে যৌথ সহযোগিতার ক্ষেত্র তৈরি হতে পারে। তথ্য ও অভিজ্ঞতা বিনিময়, প্রযুক্তিগত সহায়তাসহ অপরাপর সহযোগিতার বিষয়ে দুই দেশ একসাথে কাজ করতে পারে।

বাংলাদেশের তথ্য প্রতিমন্ত্রী আরও বলেন, ফিলিস্তিনের গাজায় যেভাবে ক্রমাগত বিভ্রান্তিকর অপতথ্য ছড়ানোর ঘটনা ঘটছে, তা বিশ্ব খুব কমই দেখেছে। এই ধরনের অপতথ্য প্রচারের বিরুদ্ধে লড়াইয়ের জন্য, প্রতিরোধ গড়ে তোলার জন্য সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন।

দ্বিপাক্ষিক বৈঠকে অপতথ্য ও ভুল তথ্য প্রচারের বিরুদ্ধে বাংলাদেশ ও তুরস্ক যৌথভাবে কাজ করার ব্যাপারে বাংলাদেশের তথ্য প্রতিমন্ত্রীকে আশ্বস্ত করেন তুরস্কের যোগাযোগ অধিদপ্তরের প্রেসিডেন্ট অধ্যাপক ফাহরেতিন আলতুন।

## **Bangladesh and Turkey will work together to prevent global disinformation and misinformation**

- State Minister for Information and Broadcasting

Dhaka, 24 February 2024

Bangladesh and Turkey will work together to prevent global disinformation and misinformation, said the State Minister for Information and Broadcasting of Bangladesh Government, Mohammad Ali Arafat.

This was said by the State Minister after a bilateral meeting with the President of the Directorate of Communications of Turkey, Prof. Fahrettin Altun, before the special session of the Islamic Conference of Information Ministers of the member states of the Organization of Islamic Cooperation (OIC) in Istanbul, Turkey, on Saturday afternoon local time.

In the meeting, the State Minister also said, spreading of disinformation and misinformation is being noticed all over the world. Sometimes they are spread on purpose. Like other countries in the world, Bangladesh is also a negative victim of this. Combating against disinformation and misinformation is therefore now a global challenge. In this case, the area of joint cooperation between Bangladesh and Turkey can be created. Both countries can work together on mutual cooperation including exchange of information and experience, technical assistance.

Bangladesh's State Minister for Information also said, the world has rarely seen the continuous spread of disinformation in Gaza, Palestine. To combat this type of disinformation, a collective effort is needed.

The President of Turkey's Directorate of Communication Prof. Fahrettin Altun assured the State Minister for Information of Bangladesh that Bangladesh and Turkey will work together against disinformation and misinformation in the bilateral meeting.

স্বাক্ষরিত/-

মো. ইফতেখার হোসেন  
জনসংযোগ কর্মকর্তা  
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়  
মোবাইল: ০১৭৭৫২২৫৬৯০।